

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কার্যালয়
সাভার, ঢাকা।
E-mail: uwao.savar@gmail.com

স্মারক নং- ৩২.০১.২৬৭২.০০১.১৬.০০১.২৩ -

তারিখ: ২৯/০৮/২০২৩ ইং

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিভিন্ন কর্মসূচীতে অন্তর্ভুক্ত ভাতাভোগী/সুবিধাভোগীদের মোবাইল নম্বরে কল করে এক শ্রেণীর প্রতারক চক্র বিভিন্ন প্রলোভন দেখিয়ে তাদের বিকাশ নম্বর, এটিএম কার্ডের পিন নম্বর বা বিভিন্ন তথ্য সংগ্রহ করে ভাতাভোগীদের সাথে প্রতারনা করে তাদের সমস্ত টাকা উত্তোলন করে নিচ্ছে। যা ভাতাভোগীরা পরে বুঝতে পারছেন - এটা প্রতারকচক্রের কল/ফাঁদ ছিল। এ ধরনের প্রতারক চক্রের ফাঁদে পা দেয়ার আগে অবশ্যই ভাতাভোগী/সুবিধাভোগীগন মহিলা বিষয়ক অধিদপ্তর, সাভার উপজেলা কার্যালয়ের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, মহিলা বিষয়ক অধিদপ্তর সাভার কার্যালয়ের কেউ এ ধরনের হীন কাজের সাথে জড়িত নয়। সংশ্লিষ্ট কার্যালয়ের সাথে যোগাযোগ ব্যতীত কেউ প্রলোভনে পড়ে ক্ষতিগ্রস্ত হলে সাভার মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর সাভার কোন দায়ভার গ্রহন করবে না।

স্বঃ

(কাজী ইসরাত জামান)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

সাভার, ঢাকা

তারিখ: ২৯/০৮/২০২৩ ইং

স্মারক নং- ৩২.০১.২৬৭২.০০১.১৬.০০১.২৩ - ২৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

- ১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাভার, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, লালমাটিয়া, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, সাভার, ঢাকা
(ভাতাভোগীদের জানানোর জন্য সদয় অনুরোধসহ)
- ৫। অফিস কপি।

স্বঃ

(কাজী ইসরাত জামান)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

সাভার, ঢাকা